# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ২২২ [আন্তর্জাতিক নাম্বারঃ ২১৭]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ২৬: অন্যায়-অত্যাচার করা হারাম এবং অন্যায়ভাবে নেওয়া জিনিস ফেরৎ দেওয়া জরুরী

(26) بَابُ تَحْرِيْمِ الظُّلْمِ وَالْأَمْرِ بِرَدِّ الْمَظَالِمِ -

আরবী

وعن أَبي قَتَادَةَ الْحارثِ بنِ ربعي رضي اللَّه عنه عن رسول اللَّه صَلّى االلهُ عَلَيْهِ وسَلَّم أَنَّهُ قَام فِيهم،ْفذَكَرَ لَهُمْ أَنَّ الْجِهادَ فِي سبِيلِ اللَّه ، وَالإِيمانَ بِاللَّه أَفْضلُ الأَعْمالِ، فَقَامَ رَجلٌ فقال: يا رسول اللَّه أَرأَيْت إِنْقُتِلْتُ فِي سَبِيلِ اللَّه ، تُكَفِّرُ عنِي خَطَايَاىَ؟ فقال لَهُ رسولُ اللَّه صَلّى االلهُ عَلَيْهِ وسَلَّم : » نعَمْ إِنْ قُتِلْتَ فِيسَبِيلِ اللَّه وأَنْتَ صَابر مُحْتَسِبٌ ، مُقْبِلٌ غيْرَ مُدْبرٍ « ثُمَّ قال رسول اللَّه صَلّى االلهُ عَلَيْهِ وسَلَّم : » آَيْف قُلْتَ ؟« قال : أَرأَيْتَ إِنْ قُتِلْتُ فِي سَبِيل اللَّه ، أَتُكفرُ عني خَطَاياي ؟ فقال رسول اللَّه صَلّى االلهُ عَلَيْهِ وسَلَّم : »نَعمْوأَنْت صابِرٌ مُحْتَسِبٌ ، مُقبِلٌ غَيْرَ مُدْبِرٍ ، إِلاَّ الدَّيْن فَإِنَّ جِبْرِيلَ قال لِي ذلِكَ « رواه مسلم .

বাংলা

১৫/২২২। আবূ ক্বাতাদাহ হারেস ইবনু রিবয়ী রাদিয়াল্লাহু ’আনহু থেকে বর্ণিত, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (সাহাবীদের) মাঝে দাঁড়ালেন। অতঃপর তাঁদের জন্য বর্ণনা করলেন যে, ’’আল্লাহর পথে জিহাদ এবং আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন করা সর্বোত্তম আমল।’’ এ শুনে একটি লোক দাঁড়িয়ে বলল, ’হে আল্লাহর রাসূল! আপনি বলুন, যদি আমাকে আল্লাহর পথে হত্যা করে দেওয়া হয়, তবে কি আমার পাপরাশি মোচন করে দেওয়া হবে?’ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, ’’হ্যাঁ। যদি তুমি আল্লাহর পথে ধৈর্যশীল ও নেকীর কামনাকারী হয়ে (শত্রুর দিকে) অগ্রগামী হয়ে এবং পিছপা না হয়ে খুন হও, তাহলে।’’

পুনরায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ’’তুমি কি যেন বললে?’’ সে বলল, ’আপনি বলুন, যদি আল্লাহর পথে আমাকে হত্যা করা হয়, তবে কি আমার পাপরাশি মোচন করে দেওয়া হবে?’ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ’’হ্যাঁ। যদি তুমি আল্লাহর পথে ধৈর্যশীল ও নেকীর কামনাকারী হয়ে (শত্রুর দিকে) অগ্রগামী হয়ে এবং পিছপা না হয়ে (খুন হও, তাহলে)। কিন্তু ঋণ (ক্ষমা হবে না)। কেননা জিবরীল আলাইহিস সালাম আমাকে এ কথা বললেন।’’[1]

## English

(26) Chapter: Unlawfulness of Oppression and Restoring Others Rights

Abu Qatadah Al-Harith bin Rib`i (May Allah bepleased with him) reported: Messenger of Allah (PBUH) said,"Faith in Allah and striving in His Cause (Jihad) are the deeds of highest merit.'' A man stood up said: "O Messengerof Allah! Tell me if I am killed in the Cause of Allah, will all my sins be forgiven?'' He (PBUH) replied, "Yes, if youare killed in the Cause of Allah while you are patient, hopeful of your reward and marching forward not retreating."Then the Prophet (PBUH) said to him, "Repeat what you have said.'' The man said: "Tell me if I am killed in theCause of Allah, will all my sins be remitted?". He replied, "Yes, if you are martyred while you are patient, hopefulof your reward and march forward without retreating, unless, if you owe any debt, that will not be remitted. AngelJibril told me that".

[Muslim].

Commentary: This Hadith also shows the importance of rights of people and repayment of loan which will not bepardoned in any case. It is, therefore, essential that every Muslim should exercise utmost care to fulfill hisobligations in these matters.

ফুটনোট

[1] মুসলিম ১৮৮৫, তিরমিযী ১৭১২, নাসায়ী ৩১৫৬, ৩১৫৭, ৩১৫৮, আহমাদ ২২০৩৬, ২২০৭৯, ২২১২০,মুওয়াত্তা মালেক ১০০৩, দারেমী ২৪১২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22560

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন